



An investor education initiative by

**LIC MUTUAL FUND**

বিনিয়োগকারীর ঠিকানা, ফোন নম্বর, ব্যাঙ্কের বিবরণ ইত্যাদি পরিবর্তনের প্রক্রিয়ার জন্য বিনিয়োগকারীরা মিউচুয়াল ফান্ডের ওয়েবসাইটে যেতে পারেন এবং একবার কেওয়াইসি (KYC) সম্পূর্ণ করতে পারেন। কেওয়াইসি (KYC) সংক্রান্ত প্রয়োজনীয়তা সম্পর্কে আরও জানতে, সেবি (SEBI) নিবন্ধিত মিউচুয়াল ফান্ড এবং অভিযোগ নিষ্পত্তির জন্য <https://licmf.info/KYCCredressal> এই লিঙ্কে যান।

## I. Know Your Customer (KYC) - নো ইয়োর কাস্টমার (কে.ওয়াই.সি):

মিউচুয়াল ফান্ড-এ বিনিয়োগ করতে হলে, আপনাকে আপনার নো ইয়োর কাস্টমার (KYC) সংক্রান্ত প্রয়োজনীয় নথিপত্রগুলি সম্পূর্ণ করতে হবে। এটি সম্পূর্ণ করার জন্য আপনাকে যেকোন এএমসি শাখা বা নিকটতম ইনভেস্টর সার্ভিস সেন্টার / পয়েন্ট অফ সার্ভিস-এ ভিজিট করতে হবে এবং প্রয়োজনীয় সমস্ত স্ব-প্রত্যয়িত নথিপত্র সহ সম্পূর্ণ করা কেওয়াইসি (KYC) ফর্মটি জমা করতে হবে।

পৃথক পৃথক লগ্নিকারীদেরকে আলাদা আলাদাভাবে নিম্নলিখিত নথিগুলি জমা করতে হবে -

- সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের ফটোগ্রাফ
- পরিচিতি পত্র – আপনার প্যান কার্ডের একটি প্রতিলিপি
- ঠিকানার পরিচিতি পত্র – আপনার ভোটার কার্ড, পাসপোর্ট বা ড্রাইভিং লাইসেন্সের একটি প্রতিলিপি।

আপনার কেওয়াইসি (KYC) যদি ইতিমধ্যে যাচাই করা হয়ে থাকে এবং আপনি যদি কোনো তথ্যাবলি আপডেট করতে চান সেক্ষেত্রে আপনাকে কেওয়াইসি ডিটেইলস্ চেঞ্জ ফর্মটি পূরণ করে তার সাথে স্ব-প্রত্যয়িত সংশ্লিষ্ট নথি সহ সেটি আপনার নিকটতম এএমসি শাখা বা ইনভেস্টর সার্ভিস সেন্টার/ পয়েন্ট অফ সার্ভিস সেন্টারে জমা করতে হবে।

## II. SEBI registered Mutual Funds - সেবি (SEBI) নিবন্ধীকৃত মিউচুয়াল ফান্ড:

আমরা বিনিয়োগকারীদেরকে পরামর্শ দিই যে তারা যেন অবগত সিদ্ধান্ত নেন এবং শুধুমাত্র সেবি (SEBI)-তে নিবন্ধীকৃত মিউচুয়াল ফান্ডগুলিতে বিনিয়োগ করার ব্যাপারে সতর্ক থাকেন। নিবন্ধীকৃত মিউচুয়াল ফান্ডগুলির তালিকা আপনি পেয়ে যাবেন <https://www.sebi.gov.in/intermediaries.html> ওয়েবসাইটটিতে।

### III. Complaint Redressal - অভিযোগের প্রতিকার:

যেকোনরকম উদ্বেগ, অভিযোগ এবং অভিযোগের নিষ্পত্তির জন্য আপনি আমাদেরকে service\_licmf@kfintech.com এই ইমেল অ্যাড্রেসে ইমেল পাঠাতে পারেন অথবা ১৮০০ ২৫৮ ৫৬৭৮ এই নম্বরে ফোন করতে পারেন। আপনি যদি সমাধানের বিষয়ে সন্তুষ্ট না হন অথবা বিষয়টি আরো উচ্চস্তরে পাঠাতে চান, আপনি ইনভেস্টর সার্ভিস অফিসারকে service@licmf.com এই ইমেল অ্যাড্রেসে ইমেল পাঠাতে পারেন। এই বিষয়ে জানানো যাচ্ছে যে মিস্টার প্রশান্ত ঠাকুর হলেন মিউচুয়াল ফান্ড সংক্রান্ত বিষয়ে ইনভেস্টর রিলেশনস্ অফিসার। তাঁর সঙ্গে যোগাযোগ করতে চাইলে, ঠিকানা হলো ৪র্থ তল, ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিউরেস্ বিল্ডিং, চার্চগেট স্টেশনের বিপরীতে, মুম্বাই – ৪০০০২০. ফোন করতে হলে, ৬৬০১৬০০. এই নম্বরে ফোন করুন। এএমসি দ্বারা দেওয়া সমাধানের বিষয়ে লগ্নিকারী যদি সন্তুষ্ট না হন, সেক্ষেত্রে তিনি সেবি (SEBI)-র কাছে অভিযোগ লিপিবদ্ধ করতে পারেন, স্কোরস্ (সেবি কমপ্লেইন্টস্ রিড্রেসাল সিস্টেম) মাধ্যমে

মিউচুয়াল ফান্ড বিনিয়োগ বাজারের ঝুঁকি সাপেক্ষ, স্কিম সম্পর্কিত সমস্ত নথি যত্ন সহকারে পড়ুন।

**Mutual fund investments are subject to market risk, read all scheme related documents carefully**